# চ্যান্সেলরের প্রবিধান

**চ্যান্সেলরের প্রবিধান এ-৮৩২**
শিক্ষার্থীর দ্বারা শিক্ষার্থী বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করা,
স্টাফদের দ্বারা শিক্ষার্থী বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করা, ইত্যাদির জন্য দেখুন

**চ্যান্সেলরের প্রবিধান এ-৮৩০**
বেআইনি বৈষম্য/হয়রানি সংক্রান্ত আভ্যন্তরীন অভিযোগ

**চ্যান্সেলরের প্রবিধান এ-৪২০**
শিক্ষার্থীদের সাথে আচরণ ও শৃঙ্খলা- দৈহিক শাস্তি

**চ্যান্সেলরের প্রবিধান এ-৮২১**
মৌখিক দুর্ব্যবহার

### অভিযোগ জানানর পর কি করা হবে?

বুলি, হয়রানি, বৈষম্য বা হুমকি প্রদর্শনমূলক আচরণের সকল অভিযোগ তদন্ত করা হবে।
চ্যান্সেলরের প্রবিধান এ-৪৪৩ কার্যকর অনুযায়ী, যদি কোন শিক্ষার্থী শৃঙ্খলাবিধি ভঙ্গ করে, তাহলে যথাযথ শৃঙ্খলাবিধি প্রয়োগ করা হবে।
আচরণটি কোন অপরাধমূলক হলে পুলিশের সাথে যোগাযোগ করতে হবে।

### শিক্ষার্থীর জন্য সহায়তা

**উপযুক্ত ক্ষেত্রে কোন একক বা দলগত পরামর্শ সহায়তা, বাইরের কোন প্রতিষ্ঠান এবং/অথবা অন্য কোন ধরনের হস্তক্ষেপের জন্য সুপারিশ প্রদান করা হবে।**

**Department of Education**

**Bill de Blasio**
**Mayor**

**Carmen Fariña**
**Chancellor**

যৌন হয়রানীর ঘটনায় অভিযোগকারী কিংবা তদন্তে সহায়তাকারীর উপর প্রতিশোধ নেওয়া নিষিদ্ধ। যদি কোন শিক্ষার্থী বিশ্বাস করে যে তার বিরুদ্ধে প্রতিশোধমূলক আচরণ করা হচ্ছে, তাহলে তাকে কোন স্কুল সুপারভাইজারের সাথে যোগাযোগ করতে হবে।

আপনার যদি টাইটেল নাইন (৩৮)-এর মান্যতা সম্পর্কে কোন প্রশ্ন জাগে, অনুগ্রহ করে টাইটেল নাইন কোঅর্ডিনেটের ভিক্টোরিয়া অ্যাজিবেড এস্ক্যোয়্যার-এর সাথে নিচের ঠিকানায়/ইমেইলে যোগাযোগ করুন: **65** Court Street, Room 1102, Brooklyn, NY 11201, Tel: (718) 935-4797 or email Ttle_IX_Inquiries@schools.nyc.gov

বাড়তি সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহ করে RespectForAll@schools.nyc.gov ঠিকানায় ইমেইল

ইউএফটি ব্রেভ হটলাইন 212-709-3222
সোমবার-শুক্রবার দুপুর 2:30 থেকে 9:30

গোপনীয়তা: অভিযোগের ব্যাপারে সকল পক্ষের ও সাক্ষীদের গোপনীয়তার প্রতি শ্রদ্ধা প্রদর্শন করা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের নীতি। তবে, কোন কোন সময় অভিযোগ নিষ্পত্তির জন্য আমাদেরকে তথ্য বিনিময় করতে হয়। সুতরাং, অভিযোগ সংক্রান্ত কোন তথ্য কাউকে জানান আবশ্যক মনে হলে যথাযথ পরিস্থিতিতে আমরা তথ্য বিনিময় করা হতে পারে।

T&I-21201 (Bengali)

নিউ ইয়র্ক সিটি
ডিপার্টমেন্ট অব এডুকেশন

# সবার জন্য মর্যাদা

## নিউ ইয়র্ক সিটির সকল পাবলিক স্কুলকে নিরাপদ এবং



# নিউ ইয়র্কের সকল পাবলিক স্কুলের সবার জন্য মর্যাদা

প্রতিটি শিক্ষার্থী ও স্টাফ আমাদের পাবলিক স্কুল কম্যুনিটিতে আমাদের সিটির সমৃদ্ধ সাংস্কৃতিক বৈচিত্র ও মর্যাদার প্রত্যাশা নিয়ে আসেন।

ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি হলো একটি হয়রানি, হুমকি এবং/অথবা বুলিমুক্ত এবং/অথবা প্রকৃত কিংবা ধারণাকৃত জাতি, বর্ণ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, বিশ্বাস, জাতিগত উৎস, প্রতিবন্ধিত্ব, জনজাতিত্ব, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পছন্দ বা ওজন নিয়ে বৈষম্যমুক্ত নিরাপদ ও সহায়তা প্রদানকারী শিক্ষণ পরিবেশ বজায় রাখা। এই নীতি শিক্ষার্থীদের প্রতি শিক্ষার্থী ও স্টাফদের দ্বারা এসব আচরণ নিষিদ্ধ করে দেয়। স্কুল চলাকালে, স্কুলের আগে ও পরে, স্কুল এলাকায়, স্কুলের স্পন্সর করা অনুষ্ঠানে, কিংবা ডিপার্টমেন্ট অব এডুকেশনের অর্থায়নে গাড়িতে ভ্রমণকালে এ ধরনের বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করা নিষিদ্ধ। স্কুল এলাকা ছাড়া অন্য কোন স্থানেও যদি এ ধরনের আচরণ শিক্ষাপ্রক্রিয়া ব্যাহত করে কিংবা জবরদস্তিমূলকভাবে ব্যাহত করতে পারে, কিংবা স্কুল কম্যুনিটির কারও স্বাস্থ্য, সুরক্ষা, নৈতিকতা বা কল্যাণকে বিপদাপন্ন করে কিংবা জবরদস্তিমূলকভাবে বিপদাপন্ন করতে পারে, সেটাও নিষিদ্ধ।

**মর্য্যাদা:** কোন ব্যক্তির নিজের উৎকর্ষ বা গুরুত্ব বা আত্মমূল্যায়ন; উপযুক্ত গ্রহণযোগ্যতা বা সৌজন্যবোধ; অন্যের চরিত্রের গুরুত্ব সম্পর্কে মর্যাদা; কৃতজ্ঞতাবোধ; মর্যাদা বা সম্মানপ্রাপ্তির অবস্থা; অন্যের প্রতি মর্যাদা বা বিবেচনাবোধ প্রদর্শন।

চ্যান্সেলরের প্রবিধান ও আচরণবিধির কপি প্রিন্সিপ্যালের অফিসে এবং অনলাইনে http://schools.nyc.gov/default.aspx ওয়েবসাইটে পাওয়া যাবে।

### কোন্ আচরণগুলো নিষিদ্ধ আচরণের উদাহরণ হতে পারে?

বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করা বহু ধরনের হতে পারে এবং তব শারীরীক, সামাজিক, মৌখিক বা লিখিত হতে পারে। **শারীরীক হয়রানিতে** শারীরীক আঘাত বা আঘাত করার হুমকি থাকতে পারে। **সামাজিক** হুমকি প্রসঙ্গে কাউকে অপমান করার জন্য সঙ্গী কর্তৃক বর্জন বা পরিত্যাগ করর কথা বলা যায়। মৌখিক হয়রানি প্রসঙ্গে কারও মানহানিকরভাবে বিদ্রুপ করা, ব্যঙ্গ করা বা অপমান করার কথা বলা যায়। **লিখিত** বৈষম্য, হয়রানি, হুমকি এবং/অথবা বুলি করার অন্তর্ভুক্ত আছে তথ্য প্রযুক্তি, যার মধ্যে আছে: ইন্টারনেট, সেলফোন, ইমেইল, ব্যক্তিগত ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট, সামাজিক মাধ্যম, ব্লগ, চ্যাট রুম এবং গেমিং সিস্টেম, ইত্যাদি বা অন্য কিছু ব্যবহার করে ইলেক্ট্রনিক যোগাযোগ (সাইবার বুলি)।

এর কিছু উদাহরণের মধ্যে আছে:

- শারীরীক সহিংসতা; উত্যক্ত করা; উত্যক্ত পাতা;
- মৌখিক বা শারীরীক আচরণ যাতে অন্যের ক্ষতির হুমকি রয়েছে;
- কোন শিক্ষার্থী বা স্টাফকে দমন করা বা কোন কিছু করতে বাধ্য করা; মাস্তানি করা;
- বিদ্রুপ করা; অপমান করা ও বিচ্ছিন্ন রাখার জন্য সতীর্থ গ্রুপ থেকে বহিষ্কার করা;
- অপমান বা অপদস্ত করার জন্য মানহানিকর ভাষা ব্যবহার করা বা মানহানিকর রসিকতা করা বা গালিগালাজ করা;
- শিক্ষার্থীর জাত, বর্ণ, জনজাতিত্ব, ধর্ম, বিশ্বাস, জাতিগত উৎপত্তি, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থান, স্থ'লত্ব, বা প্রতিবন্ধিত্ব নিয়ে মানহানিকর বক্তব্য দেওয়া বা বিদ্বেষপূর্ণ আচরণ করা;
- মন্তব্য বা গৎবাঁধা উক্তিসম্বলিত গ্র্যাফিটি বা লিখিত বা অঙ্কিত উপকরণ, যা হয় কোথাও সেঁটে দেওয়া, বিতরণ করা বা কাপড়ে ছাপা বা ইন্টারনেটে পোস্ট করা (সাইবার বুলি) যা অন্যদের জন্য অপমানজনক; এ ধরনের আচরণে লিপ্ত হওয়া যা গোত্র, বর্ণ, জাতি, ধর্ম, জাতীয় পরিচয়, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন বা প্রতিবন্ধিত্বের কারণে অপরের জন্য অবমাননাকর।

### আপনি যদি বিশ্বাস করের যে অপর একজন শিক্ষার্থী আপনাকে হয়রানি করছেন বা আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করেছেন বা আপনি যদি এ ধরনের আচরণ কোথাও ঘটতে দেখেন, তাহলে কী করা উচিত?

যে-সকল শিক্ষার্থী বিশ্বাস করেন যে তারা বলপ্রয়োগ বা ভীতিপ্রদর্শনের শিকার হয়েছেন, এবং অন্য যেসব শিক্ষার্থী সে ধরনের আচরণ ঘটতে দেখেছে, তাদের উচিত ঘটনাটি সাথে সাথে জানানো।

- কোন শিক্ষার্থী বুলি, হুমকি, বৈষম্য বা হয়রানির লিখিত বা মৌখিক অভিযোগ অন্য শিক্ষার্থীদেরকে দিয়ে রিপোর্ট করতে পারে স্কুলে সারা বছরব্যাপী প্রদর্শিত "**সবার জন্য মর্যাদা**" শীর্ষক পোস্টারে তালিকাভুক্ত কর্মী সদস্যের কাছে, বা যে কোন স্কুল কর্মীর কাছে তোমাদের করা যেতে পারে।
- কোন শিক্ষার্থী স্টাফ কর্তৃক শিক্ষার্থী হয়রানি, হুমকি এবং/অথবা বুলি সম্পর্কে রিপোর্ট করতে পারে প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে কিংবা অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন-এ।
- কোন শিক্ষার্থী জাতি, বর্ণ, জাতীয়তা, ধর্ম, বিশ্বাস, জাতিগত উৎপত্তি, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, স্থূলত্ব, কিংবা প্রতিবন্ধিত্বেও কারণে স্টাফ কর্তৃক শিক্ষার্থী হয়রানি সম্পর্কে রিপোর্ট করতে পারবে প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে অথবা অফিস অভ ইক্যুয়াল অপরচুনিটি-তে।
- রিপোর্ট করতে হবে ঘটনা সংঘটিত হওয়ার পর যথাশীঘ্র সম্ভব যাতে কার্যকরভাবে অনুসন্ধান ও ব্যবস্থাগ্রহণ সম্ভব হয়।
- কর্মচারিদেরকে এ ধরনের আচরণ বন্ধ করার জন্য হস্তক্ষেপের উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**শিক্ষার্থী-বনাম-শিক্ষার্থী হয়রানি বা বৈষম্যমূলক আচরণের কারণে অভিযোগ করার জন্য দায়িত্বপ্রাপ্ত স্কুল কর্মীর নাম জানতে হলে স্কুলব্যাপী প্রদর্শিত "সবার জন্য মর্যাদা" শীর্ষক পোস্টার দেখুন।**